

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪০৬ বাৎ/১লা জুলাই, ১৯৯৯ ইং।

এস,আর,ও নং ১৮০-আইন/৯৯ — Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেসরকারি খাতে নব প্রতিষ্ঠিত হাসপাতালের (newly established hospital) সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে পাঁচ বৎসরের জন্য আয়কর হইতে অব্যাহতি দান করিল, যথা:-

- (১) হাসপাতালটি Companies Act, 1913 (VII of 1913) অথবা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত কোন কোম্পানীর মালিকানাধীন হইতে হইবে;
- (২) ১লা জুলাই, ১৯৯৯ইং হইতে ৩০শে জুন, ২০০৫ইং এর মধ্যে হাসপাতালটি প্রতিষ্ঠিত হইতে হইবে;
- (৩) হাসপাতালটি নিজস্ব জমিতে নির্মিত ভবনে অবস্থিত হইতে হইবে;
- (৪) সাধারণ হাসপাতালের ক্ষেত্রে কমপক্ষে দুইশতটি শয্যা এবং হৃদরোগ, কিডনী ও ক্যান্সার রোগের জন্য বিশেষায়িত হাসপাতালের (Specialised hospital) ক্ষেত্রে পঞ্চাশটি শয্যা উক্ত হাসপাতালে থাকিতে হইবে;
- (৫) সংশ্লিষ্ট হাসপাতালটির দশ শতাংশ শয্যা গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসার জন্য নির্দিষ্ট রাখিতে হইবে।

০২। এই প্রজ্ঞাপনের অধীন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত হাসপাতালের মালিক অব্যাহতির সহিত সম্পূর্ণ আয় বৎসরের জন্য সংশ্লিষ্ট Deputy Commissioner of Taxes এর নিকট আয়কর রিটার্ন, হিসাবের বিবরণী ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিবে এবং Deputy Commissioner of Taxes উক্ত Ordinance এর sections 28 এবং 29 এর অধীন উক্ত মালিকের অন্যান্য আয়, যদি থাকে, সহ হাসপাতালের আয় নিরূপণ করতঃ কর নির্ধারণী কার্য সম্পন্ন করিবেন।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
মুহাম্মদ আবদুস সাত্তার  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)